

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৩৩টি প্রতিষ্ঠানকে ১.৯৯ লক্ষ টাকা জরিমানা

২৩ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, ময়মনসিংহ, বরিশাল, কক্সবাজার, ঝালকাঠি, যশোর ও রংপুরে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজতীর নেতৃত্বে ঢাকা মহানগরীর বাড্ডা ও রামপুরা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে Spicy Chicken and Restaurant, ভোজন বিলাস ও হট এন্ড কোল্ড যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ভাগ্যকুল মিষ্টান্ন ভান্ডার ও বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সমবায় হোটেল এন্ড রেস্তোরাঁকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে মতি বিরিয়ানী হাউজ ও রোবেলের হোটেলকে যথাক্রমে ২,০০০/- (দুই হাজার) টাকা ও ৩,০০০/- (তিন হাজার) এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে আল্লাহর দান বেকারীকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়াও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে সানরাইজ ফার্মেসী এন্ড ডিপার্টমেন্টাল স্টোরকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করার অপরাধে শাওন কবির এন্টারপ্রাইজকে ১,০০০/- (এক হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে স্বপ্নকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ২১,০০০/- (একুশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর এয়ারপোর্ট থানায় ৪টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে ময়মনসিংহের চারপাড়া মোড় এলাকায় ৪টি প্রতিষ্ঠানকে ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ২১,০০০/- (একুশ হাজার) টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির নলছিটি উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকাসহ মোট ৮৩,০০০/- (তিরিশ হাজার) টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১০টি বাজার তদারকিতে ৩৩টি প্রতিষ্ঠানকে মোট ১.৯৯,০০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, মৎস্য কর্মকর্তা, র‍্যাভ, বাজার কর্মকর্তা, ক্যাব ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, বরিশাল ও খুলনা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, কক্সবাজার, ঝালকাঠি, যশোর ও রংপুর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, কক্সবাজার, ঝালকাঠি, যশোর ও রংপুর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।